

**শিক্ষানে সূচ্য পারবে**

**কিরে আসছে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, দেশে শিক্ষার মানোন্নয়ন ও প্রসার সাধনের লক্ষ্যে শিক্ষাঙ্গনে সূচ্য পরিবেশ নিশ্চিত করার জন্য সরকার যেনব ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছে তার সফল ইতিমধ্যেই শুরু হয়েছে।

তিনি গতকাল পিরোজপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এলাকার গণ্যমান্য ব্যক্তিদের এক সমাবেশে ভাষণদানকালে একথা বলেন। অনুষ্ঠানে ভূমিমন্ত্রী মোস্তফা জামাল হায়দার উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষায় দুর্নীতি রোধ করা এবং শিক্ষাঙ্গনে সূচ্য পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে প্রশাসনিক উদ্যোগের অংশ হিসেবে নতুনভাবে কোন কলেজে ডিগ্রী কোর্স চালু করা বর্তমানে বন্ধ রাখা হয়েছে।

পিরোজপুর কলেজে ডিগ্রী কোর্স বন্ধ করে দেয়ার স্থানীয় জনগণের সোচ্চার প্রতিবাদের অন্তর্নিহিত মনোভাবকে স্বাগত জানিয়ে মন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে নৈরাজ্য ও অরাজকতা দেখা দিলে তার বিরুদ্ধেও স্কুলের একইভাবে সোচ্চার হওয়া প্রয়োজন।

তিনি বলেন, বর্তমানে দেশে সরকারী কলেজগুলোতে প্রায় আড়াই হাজার শিক্ষকের পদ শূন্য আছে। পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এ সকল পদ পূরণ হওয়ার পর পিরোজপুর কলেজেও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষামন্ত্রী পিরোজপুর কলেজে ডিগ্রী কোর্স পুনঃপ্রবর্তন করতে তার ব্যক্তিগত মনোযোগ প্রদানের আশ্বাস দিয়ে বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠানে সূচ্য পরিবেশ সংরক্ষণে এলাকার জনগণই সর্বাধিক ফল-প্রসূ ভূমিকা পালন করতে পারে।

অনুষ্ঠানে ভূমিমন্ত্রী মোস্তফা জামাল হায়দার বলেন, বাংলাদেশে যে সকল এলাকায় শিক্ষিতের হার বেশী তার মধ্যে পিরোজপুর অন্যতম এবং একেত্রে পিরোজপুর সরকারী কলেজের বিরাট অবদান রয়েছে। খবর তথ্য বিবরণীর।